

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সাইলো অধীক্ষকের কার্যালয়  
মোংলা সাইলো, বাগেরহাট।  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নং-১৩.১৩.০০০০.০০৫.৫০.০০১.২৩(খন্ড-২). ২৭০

তারিখঃ ২১/০৩/২০২৪ খ্রিঃ।

প্রাপকঃ পরিচালক  
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ  
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণঃ উপ-পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।)

বিষয়ঃ মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে আগ্রহী/উন্মুক্ত ঠিকাদারি প্রতিষ্ঠানের অনুকূলে জারিকৃত সূচির গম বোঝাই বিলম্ব হওয়ার কারণ।

সূত্রঃ চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকার স্মারক নং- ৩৪৭ তাং- ১০/০৩/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা এর ০৭/০৩/২০২৪ খ্রিঃ তারিখের ৩৩৪ নং স্মারকে মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে সূচির অপরিবাহিত ২৪০০ মেঃ টন ঢালা গম উন্মুক্ত করা হয় এবং আগ্রহী হিসাবে ০৩ (তিন) টি ঠিকাদারি প্রতিষ্ঠান সাইলো জেটিতে জাহাজ স্থাপন করে। যা অত্র দপ্তরের ০৭/০৩/২০২৪ খ্রিঃ তারিখের ২৪৮ নং স্মারকে পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা মহোদয়কে অবহিত করা হয়। চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা এর ০৭/০৩/২০২৪ খ্রিঃ তারিখের ৩৪০ নং স্মারকে আগ্রহী/উন্মুক্ত ঠিকাদারি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ১৮০০ মেঃ টন ঢালা গম পরিবহণের অনুমোদন প্রদান করা হয়। কিন্তু পরবর্তীতে সাইলো জেটিতে জাহাজ প্লেসমেন্ট থাকা সত্ত্বেও কোন ঠিকাদার/প্রতিনিধি জাহাজ বোঝাই নেওয়ার জন্য আসেন নাই বিধায় জাহাজ বোঝাই দেওয়া সম্ভব হয়নি। উল্লেখ্য যে, মোংলা সাইলোতে জারিকৃত অন্যান্য সূচির গম গ্রহণ-প্রেরণ কাজ চলমান রয়েছে।

বিষয়টি মহোদয়কে অবহিত করা হল।

স্মারক নং-১৩.১৩.০০০০.০০৫.৫০.০০১.২৩(খন্ড-২).

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-

- ১। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ, খুলনা;
- ৩। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ;
- ৪। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), খুলনা;
- ৫। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা-  
মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়কে সদয় অবগতির জন্য।
- ৬। অফিস কপি।

(অরূপ কুমার মিশ্র)

সাইলো অধীক্ষক (অঃ দাঃ)

মোংলা সাইলো, বাগেরহাট

তারিখঃ ১০/৩/২০২৪ খ্রিঃ।

২১/০৩/২৪

সাইলো অধীক্ষক (অঃ দাঃ)

মোংলা সাইলো, বাগেরহাট